# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 03 April, 2025

নোয়াখালী কবিরহাটে ছয় বছর বয়সী জমজ দুই বোনকে ধর্ষণের অভিযোগে থানায় মামলা হয়েছে।

বৃহস্পতিবার (৩ এপ্রিল) বেলা সোয়া ১১টার দিকে মামলা দায়েরের বিষয়টি নিশ্চিত করেন কবিরহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো.শাহীন মিয়া।এর আগে, গতকাল বুধবার নারীও শিশু নির্যাতন দমন আইনে নির্যাতিত শিশুদের মা বাদী হয়ে কবিরহাট থানায় এ মামলা দায়ের করেন।

অভিযুক্ত মো.ফরিদ (১৬) উপজেলার ধানশালিক ইউনিয়নের মো.দিদার মিয়ার ছেলে।

মামলার বিবরণে বলা হয়েছে, গত ২৩ মার্চ থেকে ভুক্তভোগী শিশুর মা তার ছোট মেয়ের শারীরিক অবনতি লক্ষ্য করে।২৫ মার্চ দুই বোন তাদের ঘরের পাশে রাস্তার উপর নিজেদের ট্রাক্টর নিয়ে খেলাধুলা করছিল।ভিকটিমদের বাবা ঘরে বিশ্রাম নিচ্ছেন,মা রান্নার কাজে ব্যস্ত ছিলেন।সেখান থেকে ফরিদ তাদের বড় মেয়েকে পাশের বাড়ির একটি পরিত্যক্ত টিনশেট ঘরে নিয়ে ধর্ষণ করে।পরে শিশুটির শৌরচিৎকার শুনে তার ছোট বোন মাকে গিয়ে বিষয়টি জানায়।তাৎক্ষণিক তার মা ঘটনাস্থল থেকে মেয়েকে উদ্ধার করে নিয়ে যায়।এরপর শিশুর মা তার ছোট মেয়ের শারীরিক অবনতি কারণ জানতে চাইলে সে জানায় গত ২৩ মার্চ বিকেলে তার সাথেও একই কাজ করেছে ফরিদ।

কবিরহাট থানার ওসি মো.শাহীন মিয়া আরো জানান, গত ৩০ মার্চ আসামিকে ৫৪ ধারায় গ্রেপ্তার দেখিয়ে বিচারিক আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।এখন দায়ের হওয়া নারীও শিশু নির্যাতন দমন আইনের মামলায়ও তাকে গ্রেপ্তার দেখানো হবে।

নোয়াখালী শারীরিক ধর্ষণ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 21:58

URL: https://timestodaybd.com/across-the-country/247775807